



**Cabinet  
Division**  
Government of the People's  
Republic of Bangladesh



**ICT  
DIVISION**  
FUTURE IS HERE



---


## মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়- পে-রোল ব্যবস্থাপনা

---

ব্যবহারকারী নির্দেশিকা-ইউএসএসও ইউজার


## সিস্টেম পরিচিতি

যে কোন ব্রাউজারের অ্যাড্রেসবারে <http://mis.molwa.gov.bd/> অ্যাড্রেসটি লিখে প্রবেশ করলে সিস্টেমের ল্যান্ডিং পেজ পাওয়া যাবে। ব্যবহারকারীগণ লগইন প্যানেলে তাদের নির্দিষ্ট ব্যবহারকারী নাম ও পাসওয়ার্ড দিয়ে “লগ ইন” বাটনে ক্লিক করলে মূল সিস্টেম এ প্রবেশ করতে পারবেন।



## হোম পেজ

ইউএসএসও ব্যবহারকারীগণ নির্দিষ্ট নাম ও পাসওয়ার্ড দিয়ে “লগ ইন” বাটনে ক্লিক করলে নিচের মত হোমপেজ প্রদর্শিত হবে। এই উইন্ডোতে ব্যবহারকারীগণ ড্যাশবোর্ডসহ অন্যান্য মেনু দেখতে পাবেন। প্রতিটি মেনুতে ক্লিক করলে নির্দিষ্ট সাবমেনু প্রদর্শিত হবে। এইসকল সাবমেনু দিয়ে ব্যবহারকারীগণ নির্দিষ্ট কাজ সম্পাদন করতে পারবেন।



ইউএসএসও ব্যবহারকারীগণ সিস্টেমে প্রবেশের পর সিস্টেমের ড্যাশবোর্ড দেখতে পাবেন। ড্যাশবোর্ড ছাড়াও অন্যান্য মেনু যেমন মুক্তিযোদ্ধা, উপকারভোগী, পে-রোল ইত্যাদি মেনু দেখতে পাবেন। পে-রোল ব্যবস্থাপনার জন্য মূলত পে-রোল মেনু ব্যবহার করতে হবে।

## পে-রোলঃ

পে-রোল ব্যবস্থাপনার জন্য পে-রোল মেনুতে প্রবেশ করতে হবে। এই মেনুতে অনেকগুলি সাবমেনু আছে। পে-রোল প্রস্তুত করণ সাবমেনু ব্যবহার করে মূল কাজ সম্পন্ন করতে হবে।




Dashboard showing the 'পে-রোল' (Pension) menu highlighted in the sidebar. The main content area displays various statistics related to the pension scheme:

- ৯৯ জন ভাতাভোগী মোট মুক্তিযোদ্ধার সংখ্যা
- ০ টি বরাদ্দ কৃত অর্থের পরিমাণ
- ২,৩৭৬,০০০ টি বিতরণ কৃত অর্থের পরিমাণ
- ২,৩৭৬,০০০ টি অবশিষ্টকৃত অর্থের পরিমাণ
- সমস্ত পেভেন্ট সফিকেল
- ০ পেরোল প্রেরণকৃত মোট অফিস
- ০ পেরোল অপ্রেরণকৃত মোট অফিস
- ধরণ অনুযায়ী মুক্তিযোদ্ধার সংখ্যা

## পে-রোল প্রস্তুত করণঃ

পে-রোল মেনুর অধীনে এই সাবমেনুতে ক্লিক করলে নিচের মতো উইন্ডো প্রদর্শিত হবে। উইন্ডোতে বিভিন্ন তথ্য যেমন বরাদ্দ কার্যক্রম, অর্থবছর, জেলা, মাসিক সম্মানীর পরিমাণ ইত্যাদি প্রদর্শিত হবে।




Dashboard showing the 'পে-রোল প্রস্তুত করণ' (Pension Preparation) sub-menu. The main content area displays a table with the following data:

বরাদ্দ কার্যক্রম	অর্থবছর	জেলা	মাসিক সম্মানীর পরিমাণ	#
মুক্তিযোদ্ধা ভাতা	2020-2021	কক্সবাজার	12000	<a href="#">পেরোল তাপিকা তৈরী করুন</a>


A red arrow points to the 'পেরোল তাপিকা তৈরী করুন' button.

পেরোল তালিকা তৈরি করুন :

নির্দিষ্ট জেলার অধীনে নির্দিষ্ট উপজেলার পে-রোল প্রস্তুত করার জন্য প্রথমেই তালিকা প্রস্তুত করতে হবে। এ জন্য উপরের চিত্রে লাল রেখা চিহ্নিত “পেরোল তালিকা তৈরি করুন” বাটনে ক্লিক করতে হবে। ক্লিক করলে নিচের মতো উইন্ডো প্রদর্শিত হবে।



উইন্ডোতে বরাদ্দ কার্যক্রম, অর্থবছর এবং জেলা স্বয়ংক্রিয়ভাবে প্রদর্শিত হবে। অবশিষ্ট কিস্তি ফিল্ডে সক্রিয় কিস্তি নির্বাচন করলে নিচের মতো উইন্ডো এবং তথ্য প্রদর্শিত হবে।




ক্রমিক নং	উপজেলা	উপকারভোগী	পেরোল তালিকায় সংরক্ষিত	অবস্থা
১	চকরিয়া	১১৮	১১৮	সংরক্ষিত

### উপকারভোগী সেট করুন ঃ


নির্দিষ্ট উপজেলার উপকারভোগী সংযোজন বা ভাতা সমন্বয় করার জন্য এই বাটনটি ক্লিক করতে হবে। ক্লিক করলে নিচের মতো উইন্ডো প্রদর্শিত হবে। উইন্ডোতে নির্দিষ্ট উপজেলার অধীনে নিবন্ধিত উপকারভোগীর তালিকা প্রদর্শিত হবে। উপকারভোগীর অধীনে সর্বডানের কলামে ক্লিক করে নির্দিষ্ট উপকারভোগী নির্বাচন করতে হবে অথবা একসাথে সকল উপকারভোগী নির্বাচন করতে হবে। কোন উপকারভোগীর কোন সমন্বয় থাকলে তা সম্মানী কলামে টাকার সংখ্যায় ডাবল ক্লিক করতে হবে। ক্লিক করলে নতুন সম্মানী নির্বাচনের ফিল্ড প্রদর্শিত হবে। সম্মানী হালনাগাদ করে “সংরক্ষণ করুন” বাটন ক্লিক করতে হবে। পরিশেষে নিচে “পেরল তালিকা সংরক্ষণ করুন” বাটন ক্লিক করলে তালিকাটি নির্দিষ্ট উপজেলার জন্য সংরক্ষিত হয়ে যাবে।



### প্রিভিউ এবং প্রেরণ করুন ঃ



সংরক্ষিত তালিকা দেখা এবং ইউএনও মহোদয়ের কাছে প্রেরণ করার জন্য এই বাটনে ক্লিক করতে হবে। ক্লিক করলে তালিকাটির প্রিভিউ প্রদর্শিত হবে।



উপকারভোগীর নাম	পিতার নাম	উপকারভোগীর ধরণ	সেবার নম্বর	নাম	একাডিক নাম ইঞ্জেলি	একাডিক নম্বর	প্রতির হার	সম্মতির পরিমাণ	
মোস্তাফা জামর খান	আবদুর রহমান	মুদিবেয়া		SONALI BANK LTD.	JAFAR ALAM	০৯০২৭০৪১০৬০৯৮	১০০%	২৪,০০০	<input checked="" type="checkbox"/>
সাজেদ কুমার দাস	উৎপল দাস দাস	মুদিবেয়া		SONALI BANK LTD.	SANTOSH KUMAR DAS	০৯০২৭০৪১০৬০৯০৪	১০০%	১২,০০০	<input checked="" type="checkbox"/>
ফরিদ আহমেদ	ইউসুফ আলী	মুদিবেয়া		SONALI BANK LTD.	FARID AHMAD	০৯০২৭০৪১১২২৪৮	১০০%	১২,০০০	<input checked="" type="checkbox"/>
শাহাদত হোসেন	শুভা হক	মুদিবেয়া		SONALI BANK LTD.	SHAHADAT HOSSAIN	০৯০২৭০৪১০৬০৯০৭	১০০%	১২,০০০	<input checked="" type="checkbox"/>
নূরুল কবির	আবদুল কাদের	মুদিবেয়া		SONALI BANK LTD.	NURUL KABIR	০৯০২৭০৪১০৬০৯০২	১০০%	১২,০০০	<input checked="" type="checkbox"/>
আবদুর রহমান	আবদুল হকের	মুদিবেয়া		SONALI BANK LTD.	ABDUR RAHMAN	০৯০২৭০৪১১০৬০৭	১০০%	১২,০০০	<input checked="" type="checkbox"/>
সাগর আহমেদ	সোহাগের আহমেদ	মুদিবেয়া		SONALI BANK LTD.	SAGR AHMED	০৯০২৭০৪১০৬০৭১২	১০০%	১২,০০০	<input checked="" type="checkbox"/>
মোঃ ইউসুফ	মাসা সিয়া	মুদিবেয়া		SONALI BANK LTD.	MD YOUSUF	০৯০২৭০৪১০৬০২৪	১০০%	১২,০০০	<input checked="" type="checkbox"/>
ফরিদ আহমেদ	আব্দুল হক	মুদিবেয়া		SONALI BANK LTD.	HAZIR AHMAD	০৯০২৭০৪১২৬০০৭	১০০%	১২,০০০	<input checked="" type="checkbox"/>

প্রিভিউতে প্রদর্শিত সব তথ্য সঠিক থাকলে নিচে “পেরোল তালিকা প্রেরণ করুন” বাটন ক্লিক করতে হবে। ক্লিক করলে তালিকাটি ইউএনও মহোদয়ের কাছে প্রেরিত হবে।